গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর




# "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯, আইসিটি ও অন্যান্য কার্যাবলী " বিষয়ক প্রশিক্ষণ মডিউল

## (Training Module on Local Government [Union Parishad] Act-2009, ICT & others Activities)

**অংশগ্রহনকারী ঃ**

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য ও সচিব।

**সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন প্রকল্প (RARIP)**

প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, ঢাকা।

জানুয়ারী ২০২০ ইং

# ভূমিকা

**“সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন প্রকল্প (RARIP)”** এর অন্যতম উদ্দেশ্য হচ্ছে গ্রামীণ সড়ক ও হাট-বাজার উন্নয়নের মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচন; যার ফলে স্থানীয় কৃষকের উৎপাদিত পণ্য ন্যায্য মূল্যে বাজারজাতকরণের সুযোগ সৃষ্টি হবে, উৎপাদন বৃদ্ধি পাবে, নতুন নতুন ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি হবে এবং ইহা মানুষের আয় ও কর্ম-সংস্থানের সুযোগ সৃষ্টি করবে। এ প্রকল্পটি সরকারের টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) এর ১, ২, ৮ ও ১৬ নং লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রণীত/গৃহীত হয়েছে। গ্রামীণ হাট-বাজার কেন্দ্রিক সড়কের নির্মাণ/সংস্কার কাজ ও স্থানীয় হাট-বাজারের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে বাজার ব্যবস্থাপনা কমিটির (MMC) সক্ষমতা বৃদ্ধি এবং কৃষক সংগঠনের বিপণন দক্ষতা বৃদ্ধির মাধ্যমে গ্রামীণ মানুষের অর্থনৈতিক উন্নয়ন সাধনই হলো এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য।

তা'ছাড়া ইউনিয়ন পরিষদ- পল্লী অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ; শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান; কৃষি, মৎস্য, পশুসম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; দুর্যোগ ব্যবস্থাপনা; পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণে কার্যকর উদ্যোগ গ্রহন; পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণে প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণ; আইন শৃংখলা রক্ষায় সরকারের অর্পিত দায়িত্ব পালন ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; বৃক্ষরোপন ও সংরক্ষণ; অপরাধমূলক ও বিপজ্জনক ব্যবসা নিয়ন্ত্রণ; বিধবা, এতিম, গরীব ও দুঃস্থ ব্যক্তিদের তালিকা সংরক্ষণ ও সামাজিক নিরাপত্তা সুবিধা প্রদান; সমবায় আন্দোলন ও গ্রামীণ শিল্পের উন্নয়ন ও উৎসাহ প্রদান; ই-গভর্ণেন্স চালু ও উৎসাহিতকরণ এবং ইউনিয়ন বাসির নিরাপত্তা, আরাম-আয়েশ বা সুযোগ সুবিধার জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণসহ সরকার প্রদত্ত নানাবিধ দায়িত্ব পালন করে দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। আমাদের রাষ্ট্রীয় শাসন ব্যবস্থায় ইউনিয়ন পরিষদ বা স্থানীয় সরকার কাঠামো হলো তৃণমূল পর্যায়ের শাসন ব্যবস্থা। আমাদের ইউনিয়ন পরিষদ গ্রামীণ জনকল্যানমূলক প্রতিষ্ঠানসমূহ ও গ্রামীণ মানুষের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে- যা প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। এ দিকটিকে বিবেচনায় রেখে ইউনিয়ন পরিষদ বা স্থানীয় সরকার কাঠামোকে শক্তিশালীকরণের বিভিন্ন বিষয় এই প্রশিক্ষণে আলোচিত হবে।

আশা করা যায়, অংশগ্রহনকারীগণ এই প্রশিক্ষণ থেকে সরকারের ইউনিয়ন পরিষদ আইন- ২০০৯, আইসিটি ও সাধারণ কার্যাবলী সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করতে সক্ষম হবেন এবং স্ব-স্ব ইউনিয়ন পরিষদকে শক্তিশালীকরণের মাধ্যমে গোটা ইউনিয়নকে একটি আদর্শ ইউনিয়নে পরিণত করতে সচেষ্ট হবেন।